

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সাভার, ঢাকা
www.shniyd.gov.bd

শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে অনুষ্ঠিত ১ম সভা সংক্রান্ত প্রতিবেদন:

জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নকল্পে গত ২৯/১১/২০২২ তারিখে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় এ প্রতিষ্ঠানের লক্ষ্য ও উদ্দেশ্যসহ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়।

সভায় সভাপতিত্ব করেন জনাব আবু তাহের মোঃ মাসুদ রানা, মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট। স্বাগত বক্তব্য ও পাওয়ার পয়েন্ট উপস্থাপন করেন জনাব মোঃ রফিকুল ইসলাম, রেজিস্ট্রার, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।

অংশীজনের সভায় কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন কেন্দ্র, যুব প্রশিক্ষণ কেন্দ্র, উপজেলা যুব উন্নয়ন অফিসার সাভার, যুব পদকপ্রাপ্ত সংগঠন, ইনস্টিটিউটের প্রশিক্ষার্থী, এ ইনস্টিটিউটের কর্মকর্তা-কর্মচারীসহ ৫০ জন উপস্থিত ছিলেন। তারা মুক্ত আলোচনায় অংশগ্রহণ করেন। সভায় নিম্নে উল্লিখিত বিষয়ে বিস্তারিতভাবে আলোকপাত করা হয়:

০১. জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity Strategy) বাস্তবায়ন।
০২. তথ্য অধিকার আইন, ২০০৯ এর বাস্তবায়ন।
০৩. অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS)।
০৪. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)
০৫. সেবা প্রদান প্রতিশ্রুতি বা সিটিজেন চার্টার।
০৬. ই-নথি ও
০৭. ইনস্টিটিউটের সার্বিক পরিচ্ছন্নতা, কর্মপরিবেশের উন্নয়ন ও প্রশিক্ষণের মানোন্নয়নের মানোন্নয়ন

অংশীজনের সভায় অংশগ্রহণকারীগণ মুক্ত আলোচনায় অংশগ্রহণ করে এ প্রতিষ্ঠানকে “Centre of Excellence” হিসেবে গড়ে তোলার লক্ষ্যে অভিমত ব্যক্ত করেন। তারা শুদ্ধাচার প্রতিষ্ঠায় ব্যক্তিগত ও সমষ্টিগত উদ্যোগ গ্রহণ, দুর্নীতিকে না বলা, ইনস্টিটিউটের সিটিজেন চার্টার এর উন্নয়ন ও সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণ, ইনস্টিটিউটের ই-নথি চালু করা, ইনস্টিটিউটের প্রশিক্ষণের মান উন্নয়নের নিবিড় তদারকির ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে মতামত প্রদান করেন। ইনস্টিটিউটের মহাপরিচালক উল্লেখ করেন, ব্যক্তি পর্যায়ে কর্তব্য নিষ্ঠা ও সততা প্রতিষ্ঠা করা প্রয়োজন। চিন্তা, কথা ও কার্যক্রমে দুর্নীতিকে না বলতে হবে। মাননীয় প্রধানমন্ত্রীর নামাংকিত এ প্রতিষ্ঠান স্বচ্ছতার সাথে পরিচালনায় সকলের সম্মিলিত উদ্যোগ প্রয়োজন। এ ইনস্টিটিউটকে “Centre of Excellence” হিসেবে গড়ে তোলার লক্ষ্যে সকলের সহযোগিতা কামনা করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

আবু তাহের মোঃ মাসুদ রানা
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
ফোন- ০২-২২৪৪২৬০৩০
ই-মেইল : dgshniyd@shniyd.gov.bd

গত ২৯/১১/২০২২ তারিখ অনুষ্ঠিত সুশাসন প্রতিষ্ঠায় অংশীজনের অংশগ্রহণে সভার চিত্র:

